

## অপরিচিতা রবীন্দ্রনাথ ঠাকুর

২১. বাংলা ছোটগল্পের প্রথম সার্থক শিল্পী কে? (জ্ঞান)
- ক) রবীন্দ্রনাথ ঠাকুর  
খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়  
গ) মানিক বন্দ্যোপাধ্যায়  
ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
২২. অনুপমের মতে, কন্যার পিতামাত্রই কোনটি স্বীকার করবেন? (জ্ঞান)
- ক) অনুপম রুচিবান  
খ) অনুপম সৎপাত্র  
গ) অনুপম রূপবান  
ঘ) অনুপম ব্যক্তিত্বসম্পন্ন
২৩. 'মেয়ে যদি বল, তবে'— উক্তিটি কার? (জ্ঞান)
- ক) অনুপমের  
খ) হরিশের  
গ) শঙ্কুনাথের  
ঘ) মামার
২৪. 'অপরিচিতা' গল্পে রসবোধসম্পন্ন চরিত্র কোনটি? (জ্ঞান) [চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম]
- ক) হরিশ  
খ) বিনুদা  
গ) কল্যাণী  
ঘ) শঙ্কুনাথ
২৫. মন্দ নয় হে, খাঁটি সোনা বটে। — উক্তিটি কার? (জ্ঞান)
- ক) বিনুদার  
খ) হরিশের  
গ) মামার  
ঘ) ঘটকের
২৬. 'তিনি বড়ই চুপচাপ'— এখানে কার কথা বলা হয়েছে? (জ্ঞান)
- ক) মামা  
খ) হরিশ  
গ) শঙ্কুনাথ সেন  
ঘ) মা
২৭. 'অপরিচিতা' গল্পে 'আমার জীবনটা না দৈর্ঘ্যের হিসাবে বড়ো, না গুণের হিসাবে' বলতে কী বোঝানো হয়েছে? (অনুধাবন)
- ক) সংসার অনভিজ্ঞ  
খ) কমবয়সী হিসেবে  
গ) বিয়ের অনুপযুক্ত  
ঘ) মামার ওপর নির্ভরশীল
২৮. 'শিমুলের বাবা তার ছেলের বউকে পদানত করে রাখার বাসনায় ধনী পরিবারের কন্যা চান না।'— 'অপরিচিতা' গল্পে শিমুলের বাবার সাথে তুলনীয় চরিত্র কোনটি? (প্রয়োগ)
- ক) হরিশ  
খ) শঙ্কুনাথ  
গ) অনুপম  
ঘ) মামা
২৯. কল্যাণীর বাবা বিয়ের কত দিন আগে অনুপমকে আশীর্বাদ করে যান? (জ্ঞান)
- ক) তিন দিন  
খ) পাঁচ দিন  
গ) সাত দিন  
ঘ) নয় দিন
৩০. 'অপরিচিতা' গল্পে বিয়ের অনুষ্ঠানে কন্যার গয়না মাপার মধ্য দিয়ে কী প্রকাশ পেয়েছে? (অনুধাবন) [দনিয়া (বিশ্ববিদ্যালয়) কলেজ, ঢাকা]
- ক) চতুরতা  
খ) সচেতনতা  
গ) হীনম্মন্যতা  
ঘ) দায়িত্বপরায়ণতা

৩১. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'অপরিচিতা' গল্পে অনুপমের বিয়ে ভেঙে যাওয়ার মূল কারণ কী? (অনুধাবন) [খিনাইনহ সরকারি নুরুনাহার মহিলা কলেজ]
- ক) কন্যার পিতা গরিব বলে  
খ) যৌতুক দিতে না পারায়  
গ) মামার হীন ব্যবহার  
ঘ) শঙ্কুনাথ বাবুর অনিচ্ছায়
৩২. স্টেশনে কী ফেলে রেখে অনুপম ট্রেনে উঠে পড়ল? (জ্ঞান) [মকবুলার রহমান সরকারি কলেজ, পঞ্চগড়; বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম]
- ক) বই  
খ) ব্যাগ  
গ) ক্যামেরা  
ঘ) চশমা
৩৩. 'বিয়ে ভেঙে যাওয়ার পর অনুপমা মেয়েদের শিক্ষার ব্রত গ্রহণ করে।'— অনুপমার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন চরিত্রের মিল রয়েছে? (প্রয়োগ)
- ক) আহ্লাদীর  
খ) কল্যাণীর  
গ) জমিরনের  
ঘ) মাদাম লোইসেলের
৩৪. মাটির খেলের দু'পাশে চামড়া লাগানো বাদ্যযন্ত্র নিচের কোনটি? (জ্ঞান)
- ক) খঞ্জনী  
খ) মৃদঙ্গ  
গ) তবলা  
ঘ) একতারা
৩৫. 'অপরিচিতা' গল্পটি কোন পুরুষের জবানিতে লেখা? [রাজশাহী কলেজ, রাজশাহী]
- ক) উত্তম  
খ) নাম  
গ) মধ্যম  
ঘ) উত্তম ও মধ্যম
৩৬. গল্পকথকের সাতাশ বছরের জীবনটা বড় নয় — (অনুধাবন) [ক্যান্ট পাবলিক স্কুল ও কলেজ, পার্বতীপুর, দিনাজপুর; নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজ]
- i. দৈর্ঘ্যের হিসেবে ii. গুণের হিসেবে  
iii. তাৎপর্যের হিসেবে
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii  
খ) i ও iii  
গ) ii ও iii  
ঘ) i, ii ও iii
৩৭. 'ধাক্কিবার মধ্যে ভিতরে আছেন মা এবং বাইরে আছেন মামা।'— অনুপমের এ উক্তিতে প্রকাশ পেয়েছে তার — (অনুধাবন)
- i. অক্ষমতা ii. নির্ভরতা  
iii. ব্যক্তিত্বহীনতা
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii  
খ) i ও iii  
গ) ii ও iii  
ঘ) i, ii ও iii
৩৮. 'চন্দনার স্বামীকে আশীর্বাদ করতে ওর বড় কাকা রঘুদাস শ্রীনগরে গিয়েছিল।'— 'অপরিচিতা' গল্পে রঘুদাসের অনুরূপ চরিত্র হলো — (প্রয়োগ)
- i. বিনুদাদা ii. হরিশ  
iii. অনুপমের পিসতুতো ভাই
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii  
খ) i ও iii  
গ) ii ও iii  
ঘ) i, ii ও iii